**অনার্স ১ম বর্ষ পরীক্ষা ২০২২ অনুষ্ঠিত ২০২৩**

**বিভাগঃ হিসাববিজ্ঞান**

**বিষয়ঃ হিসাববিজ্ঞানের নীতিমালা**

**বিষয় কোড: ২১২৫০১**

**ক বিভাগ**

বিপরীত দাখিলা কী?

উত্তর : চলতি হিসাবকালের শুরুতে পূর্ববর্তী বছরের প্রাপ্য রাজস্ব আয় এবং প্রদেয় রাজস্ব ব্যয়ের সমন্বয় দাখিলার ঠিক বিপরীত বা উল্টা যে জাবেদা দাখিলা দেয়া হয় তাকে বিপরীত দাখিলা বলে ।

হিসাব তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কারা?

উত্তর : হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী হলেন– ১. মালিক; ২. ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও ৩. শ্রমিক কর্মচারী।

দুটি অস্পর্শনীয় সম্পত্তির নাম লিখ।

উত্তর : দুটি অস্পর্শনীয় সম্পত্তি হলো- ১. সুনাম ও ২. প্রাথমিক খরচ।

ক্রেডিট কার্ড কী?

উত্তর : ক্রেডিট কার্ড হলো এমন একধরনের কার্ড যা ব্যবহারের মাধ্যমে কার্ডধারী বাকিতে পণ্য ক্রয়ের সুবিধা পায়।

বকেয়াভিত্তিক ধারণা কী?

উত্তর : বকেয়া ভিত্তিক ব্যবস্থা হলো সংগঠনের ঘটনা সংঘটিত হওয়ার সাথে সাথে আর্থিক বিবরণীতে চার্জ করার জন্য লিপিবদ্ধ করা হয়।

IASC এর পূর্ণরূপ লিখ।

উত্তর : IASC এর পূর্ণরূপ হলো- International Accounting Standards Committee.

অনিশ্চিত হিসাব কী?

উত্তর : রেওয়ামিল অমিল হলে সাময়িকভাবে যে হিসাব খুলে রেওয়ামিল মিলানো হয় তাকে অনিশ্চিত হিসাব বলে ।

সহকারী খতিয়ান কী?

উত্তর : সমজাতীয় লেনদেন অন্তর্ভুক্ত হয় এমন হিসাবগুলো যখন একটি আলাদা খতিয়ানে সংরক্ষণ করা হয় তখন ঐ খতিয়ানকে সহকারী খতিয়ান বলে ।

সম্ভাব্য দায় কী?

উত্তর : ভবিষ্যৎ কোনো ঘটনা সংঘটিত হওয়ার সম্ভাবনায় যে দায়ের উন্নত হতে পারে তাকে সম্ভাব্য দায় বলে।

2/10, n/30 দ্বারা তুমি কি বুঝ?

উত্তর : ১০ দিনের মধ্যে পরিশোধ করলে ২% বাট্টা এবং সর্বোচ্চ ৩০ দিনের মধ্যে পরিশোধ করতে হবে।

হিসাব চার্ট কী?

উত্তর : লেনদেনের সম- শ্রেণিভুক্ত পক্ষসমূহকে যথার্থ শিরোনামে নির্দিষ্ট ছকে বিবরণী আকারে প্রকাশ করাকে হিসাবচার্জ বা হিসাব তালিকা বলে ।

রক্ষণশীলতার নীতি বলতে কী বুঝ ?

উত্তর : কোনো ক্ষতির সম্ভাবনা থাকলে তা হিসাবে ধরতে হবে কিন্তু লাভের সম্ভাবনা অতি উজ্জ্বল হলেও অর্জিত না হওয়া পর্যন্ত একে লাভ বলে গণ্য করা যাবে না। এটিই হিসাববিজ্ঞানের রক্ষণশীলতার নীতি ।

দীর্ঘমেয়াদি দায়-এর দুটি উদাহরণ দাও

উত্তর : দীর্ঘমেয়াদী দায়ের দু'টি উদাহরণ- বন্ধকি ঋণ ও ডিবেঞ্চার।

হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী কারা?

উত্তর : হিসাববিজ্ঞান তথ্যের অভ্যন্তরীণ ব্যবহারকারী হলেন- . মালিক; ২. ব্যবস্থাপনা কর্তৃপক্ষ ও ৩. শ্রমিক কর্মচারী।

মূল্য সংযোজন কর কাকে বলে?

উত্তর : পণ্যের উৎপাদন ব্যয়ের উপর নির্দিষ্ট হারে আরোপিত কর হতে উপকরণাদির উপর আরোপিত করের ব্যবধানকেই মূল্য সংযোজন কর (VAT) বলে ।

GAAP কি?

উত্তর : যে হিসাববিজ্ঞান নীতিসমূহ কর্তৃপক্ষীয় সমর্থন করা পরিপুষ্ট সেসব নীতিসমূহকে সাধারণভাবে সর্বজনস্বীকৃত হিসাববিজ্ঞান নীতিমালা বা সংক্ষেপে GAAP বলে।

সুনির্দিষ্ট শনাক্তকরণ পদ্ধতি কাকে বলে?

উত্তর : মজুদ পণ্য লিপিবদ্ধকরণের নির্দিষ্ট কিছু পদ্ধতি যেমন-FIFO, LIFO, Average lost Metheod উক্ত পদ্ধতিগুলোকেই সুনির্দিষ্ট শনাক্তকরণ পদ্ধতি বলে ।

হিসাববিজ্ঞানের নীতিমালা কাকে বলে?

উত্তর : হিসাববিজ্ঞানের নীতিমালা নিয়ম এবং নির্দেশ যা আর্থিক তথ্য প্রতিবেদন তৈরি করার সময় অনুসরণ করে থাকে।

ক্রয়মূল্য নীতি কী?

উত্তর : ক্রয়মূল্য নীতি এমন একটি নীতি যেখানে সম্পত্তিকে তাদের ঐতিহাসিক মূল্যে লিপিবদ্ধ করা হয়।

ব্যাংক সমন্বয় বিবরণী কী?

উত্তর : কোনো নির্দিষ্ট দিনে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান তার নগদান বহির ব্যাংক ঘরের উদ্ভূত এবং পাশ বহির উদ্বৃত্তের গড়মিলের প্রকৃত কারণ দর্শিয়ে দু'টি উদ্বৃত্তের মধ্যে সমন্বয়সাধনের জন্য যে বিবৃতি প্রস্তুত করা হয় তাকে ব্যাংক সমন্বয় বিবরণী বলে।

সাধারণ জাবেদা কী?

উত্তর : যে সমস্ত লেনদেন বিশেষ প্রকৃতির জন্য অন্যকোনো প্রাথমিক বা সহকারী ইহতে লিপিবদ্ধ করা হয় তাকে প্রকৃত বা সাধারণ জাবেদা বলে।

হিসাববিজ্ঞানের সংজ্ঞা দাও।

উত্তর : ব্যক্তি বা প্রতিষ্ঠানের আর্থিক লেনদেনসমূহের লিপিবদ্ধকরণ, শ্রেণির আর্থিক বিবরণীর প্রস্তুতকরণ ও সামগ্রিক ফলাফল বিশ্লেষণ করার প্রক্রিয়াকে হিসাববিজ্ঞান বলা হয়।

FOB শিপিং পয়েন্ট কী?

উত্তর : এটি পণ্য পরিবহণের শর্ত যেখানে উল্লেখ থাকে যে, বিক্রেতা বহনকারক জাহাজ পর্যন্ত পণ্য বিনামূল্যে (জ) বিক্রয়যোগ্য সিকিউরিটিজ কী? পৌঁছে দিবে এবং ক্রেতা পরিবহণ ব্যয় পরিশোধ করবে।

ব্যাংক সমন্বয় বিবরণী কী?

উত্তর : কোনো 'নির্দিষ্ট দিনে কোনো ব্যক্তি বা প্রতিষ্ঠান তার নগদান বহির ব্যাংক ঘরের উদ্বৃত্ত এবং পাশ বহির উদ্বৃত্তের গড়মিলের প্রকৃত কারণ দর্শিয়ে দু'টি উদ্বৃত্তের মধ্যে সমন্বয়সাধনের জন্য যে বিবৃতি প্রস্তুত করা হয় তাকে ব্যাংক সমন্বয়, বিবরণী বলে।

সমাপনী দাখিল কী?

উত্তর : নির্দিষ্ট হিসাবকাল শেষে প্রতিষ্ঠানের আর্থিক ফলাফল অর্থাৎ লাভ বা লোকসান নির্ণয়ের জন্য যাবতীয় আয়-ব্যয় হিসাবের জেরগুলো আয় বিবরণী বা ক্রয়-বিক্রয় হিসাব এবং লাভ-লোকসান হিসাবে স্থানান্তরের জন্য যে সকল জাবেদা দাখিলা দেওয়া হয় তাকে সমাপনী দাখিলা বলে।